দৈনিক ইনকিলাব

তারিখ 26 JUN 1997
পৃষ্ঠা ৩৩ কলাম ৬

# পৃথক মাদ্রাসা শিক্ষা কমিশন গঠনসহ ১৫ দফা দাবীতে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মাদ্রাসা শিক্ষার ব্যাপারে কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাতিল করে আলেমদের নেতৃত্বে পৃথক শিক্ষা কমিশন গঠনসহ ১৫ দফা দাবীতে ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি) গতকাল প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি পেশ করেছে। এই উপলক্ষে গতকাল বিকেলে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ শেষে আইসিপির একটি মিছিল প্রধানমন্ত্রীর কার্যালয়ে অভিমুখে রওয়ানা করলে পুলিশ মিছিলের গতিরোধ করে। পরে পরিষদের সভাপতি মুফতী মোহাম্মদ ইলিয়াসের নেতৃত্বে ৫ সদস্যের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে বলা হয়, কুদরত-ই-খুদা কমিশন রিপোর্টে মাদ্রাসা শিক্ষা সম্পর্কে যে রিপোর্ট দেয়া হয়েছে, তা প্রতিহিংসাপরায়ণ ও নিন্দনীয়। এই রিপোর্ট বাস্তবায়নের ঘোষণা দেয়ায় সরকারের বিরুদ্ধে গণঅসন্তোষ দেখা দিয়েছে। স্মারকলিপিতে মঞ্জুরিপ্রাপ্ত সকল এবতেদায়ী মাদ্রাসার অনুদান দিয়ে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মতো সুযোগ-সুবিধা প্রদান, এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা, ফাজিলকে স্নাতক ও কামিলকে স্নাতকোত্তর ডিগ্রীর মান প্রদান ও মাদ্রাসা ছাত্রদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দান, জাতীয় আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, কামিল মাদ্রাসায় কোরআন-হাদীস ও ফিকাহ শাস্ত্রে অনার্স কোর্স চালু, মহিলা ইসলামী বিশ্ববিদ্যালয় চালু, মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক টেকস্টবুক বোর্ড প্রতিষ্ঠা, প্রতি বিভাগে মাদ্রাসা বোর্ড স্থাপন, প্রতিটি সেনানিবাসে আলীয়া মাদ্রাসা প্রতিষ্ঠা, মাদ্রাসা ও সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বৈষম্যহীন বেতন-ভাতা চালু এবং মাদ্রাসা শিক্ষায় বৈষম্যহীন জনবল কাঠামো নিশ্চিত করার সুপারিশ করা হয়।

প্রেস ক্লাবের সামনে মুফতী মোহাম্মদ ইলিয়াসের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আইসিপি'র সহ-সভাপতি এস এম আবু তাহের, সাধারণ সম্পাদক হাফেজ গোলাম মোস্তফা, সাংগঠনিক সম্পাদক মোঃ মনির হোসেন, ঢাকা মহানগরীর সভাপতি মোঃ মহিউদ্দিন বেলালী, মোঃ হাফিজুর রহমান, হাফেজ মোঃ মাহবুবুর রহমান, মোঃ শরিফুল ইসলাম, হাফেজ মোঃ বিলাল হোসেন, মোঃ ছাইফুল্লা, মোঃ শামছুল হক চৌধুরী, মোঃ আব্দুস ছামাদ, নেছার উদ্দীন, মোঃ হেলাল উদ্দীন, শরীফ প্রমুখ।